

ভারত-চিন সামুদ্রিক বিষয়ক সংলাপের উদ্বোধন

ভারত-চিন সামুদ্রিক বিষয়ক আলোচনা আজ নয়াদিল্লিতে উদ্বোধন হল। ভারতীয় প্রতিনিধি দলে নেতৃত্ব দেন মাননীয় শ্রী অমনদীপ সিং গিল, যুগ্ম সচিব (নিরস্ত্রীকরণ ও আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ক) পররাষ্ট্রমন্ত্রক, অন্যদিকে চিনা প্রতিনিধি দলে নেতৃত্বে ছিলেন মান্যবর কং জামিউ, চিন বিদেশমন্ত্রকের সহকারি মন্ত্রী।

পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা হয়, এর মধ্যে ছিল সামুদ্রিক নিরাপত্তা বিষয়ক দৃষ্টিভঙ্গি বিনিময়, ইউএনসিএলওএস এবং আইএমও-র মতো আন্তর্জাতিকস্তরে উন্নয়ন এবং সামুদ্রিক সহযোগিতার বিষয়গুলিও। পরেরবার বৈঠক একটি পারস্পরিক সুবিধাজনক তারিখে বেজিং-এ অনুষ্ঠিত হবে।

নয়াদিল্লি

ফেব্রুয়ারি ০৪, ২০১৬